



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭০৯৩

৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অভিযোগ প্রমাণিত হওয়ায় কমিটি ভেঙে দেয়া প্রসঙ্গে

- সূত্র: (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-বামাশিবো/প্রশা/২২৪২৩১২১৭৩২১/৭৯৮৩২/নথি নং - তারিখ: ০৫-০৬-২০২৩ খ্রিঃ
(২) উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর স্মারক নং-০৫.৩২৯১.০২২০৩.০০৬. ১৫-৫৭০; তারিখ: ২০ আগস্ট ২০২৩ খ্রি.
(৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭০৮২, তারিখ: ১০-০৯-২০২৩ খ্রি.
(৪) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭০৮৯ তারিখ: ২৯ অক্টোবর ২০২৩ খ্রি.

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন কুশটারী এম.এইচ দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল কুদ্দুস ভূয়া ভোটার তালিকা প্রণয়ন এবং জালিয়াতি করে ম্যানেজিং কমিটি অনুমোদন নিয়েছেন মর্মে মো: আব্দুল হামিদ মিয়া (অভিভাবক সদস্য) একটি অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-কে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরনের জন্য পত্র দেয়া হলে সূত্রোক্ত ২ নং স্মারকে তিনি মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে আনীত অভিযোগ সমূহ প্রমাণিত হয়।

বর্ধিত অবস্থায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয় এবং পরবর্তীতে সূত্রোক্ত ০৪ নং স্মারকে তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কারন দর্শানোর জবাব প্রেরণ না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর প্রবিধান ৩৮ এর (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫-১১-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি (ম্যানেজিং কমিটি), কুশটারী এম.এইচ দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এবং
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, কুশটারী এম.এইচ দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
- ৪। জনাব মো: আব্দুল হামিদ মিয়া (অভিযোগকারী), কুশটারী এম.এইচ.দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
- ৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং
- ৬। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।





১৫-১১-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার